

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৮

ছৈলেংটা, ১৭ এপ্রিল, ২০২৪

সিস্টেমটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন
ছৈলেংটা বাজারে সচেতনতা কর্মসূচি

সিস্টেমটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন কর্মসূচিতে আজ সকালে ছৈলেংটা বাজার এলাকায় ভোটারদের সচেতন করতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এরমধ্যে রয়েছে ভোট-এ-থন, বাইসাইকেল র্যালি, আল্পনা আঁকা প্রতিযোগিতা, ওয়াক-এ-থন প্রভৃতি। এই অনুষ্ঠানে ছাত্রছাত্রী, ভোটার এবং সাধারণ নাগরিকগণ অংশ নেন। তাছাড়া আজ ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রে ভোটগ্রহণের জন্য নিযুক্ত ভোটকর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া লংতরাইভ্যালি সরকারি ডিগ্রি কলেজে অনুষ্ঠিত হয়। গতকাল এবং আজ ৪৮-করমছড়া (এসটি) এবং ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রের ভোটগ্রহণের কাজে নিযুক্ত ভোটকর্মীদের ছৈলেংটা গভর্নমেন্ট ইংলিশ মিডিয়াম এইচএস স্কুলে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ করা হয়। আজ থেকে এই দুটি বিধানসভা ক্ষেত্রে বাড়ি বাড়ি গিয়ে ৮৫ বছর ঊর্ধ্ব এবং দিব্যাঙ্গজনদের ভোটগ্রহণের কাজ শুরু হয়েছে।
